গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

টেলিযোগাযোগ অধিদপ্তরের ২৩ তম মাসিক সমন্বয় সভার কার্য্যবিবরণী

সভাপতি	মোঃ মহসিনুল আলম মহাপরিচালক
সভার তারিখ	০৮/০৩/২০২১ খ্রিঃ
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	অধিদপ্তরের কনফারেন্স রুম (৪০৩ নং কক্ষ)
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	ফেব্রুয়ারী/২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন,পঠন ও দৃঢ়িকরন ।	কারও কোন আপত্তি/ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়িকরণ করা হয় ।	
০২	স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উৎযাপন	জাতীয় কর্মসূচী পালনের লক্ষ্যে অধিদপ্তর কর্তৃক জাতীয় কর্মসূচীর সাথে সংগতি রেখে নিম্নবর্নিত কর্মসূচী গৃহিত হয়- ১) ১৭ই মার্চ জাতীয় শিশুদিবস ও জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা ২) ২৬শে মার্চ স্বাধীনতা দিবসের অনুষ্ঠানমালা ৩) ১৫ই আগস্ট জাতীয় শোক দিবসের অনুষ্ঠানমালা ৪) ১৬ই ডিসেম্বর বিজয় দিবসের অনুষ্ঠানমালা ৫) সূবর্ণ জয়ন্তী কর্ণার স্থাপন ।	পরিচালক (প্রশাসন) ও পরিচালক (আইসিটি)
০৩	স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে পরিনত হওয়ার প্রেক্ষিতে অধিদপ্তর/টেলিকম সেক্টরের দায়িতব ও কর্তব্য এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা	অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা মোতাবেক এ অধিদপ্তর প্রয়োজনীয় প্রকল্প প্রণয়নে করবে ।	পরিচালক (আইসিটি)
০৪	সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন প্রকল্পের মাসিক অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন ।	প্রকল্পের প্রয়োজনীয় বৈদ্যুতিক সামগ্রী ও আনুসাঙ্গিক ভৌত সেবা সংক্রান্ত প্যাকেজের OTM পদ্ধতিতে ক্রয় প্রক্রিয়া চলমান আছে । বর্তমানে বর্ণিত প্যাকেজের দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া চলছে । IT EQUIPEMENT এবং আনুসাঙ্গিক ভৌতসেবা সংক্রান্ত ক্রয় প্যাকেজটি DPM পদ্ধতিতে TSS হতে ক্রয় করার জন্য মূল্য সম্বলিত দরপত্র পাওয়া গিয়েছে এবং মূলায়ন ও নেগোসিয়েশন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যক্রম অব্যাহত আছে । ইতোমধ্যে চতুর্থ PIC এবং PSC সভা অনুষ্ঠিত হয়েছে । নির্দেশনা মোতাবেক প্রকল্পের কাজ চলমান আছে ।	প্রকল্প পরিচালক, সংশ্লিস্ট প্রকল্প

০৫	ফেব্রুয়ারী/২০২১ মাসের অধিদপ্তর প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক পর্যালোচনা উপস্থাপন ।	পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীদের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন,বেতন-ভাতা পরিশোধ, পিআরএল ও লাম্পগ্রান্ট মঞ্জুরী, জিপিএফ মঞ্জুরী, পেনশন ও আনুতোষিক মঞ্জুরী ও কল্যান বিষয়ক ৫৪টি কেইস ফেব্রুয়ারী/২০২১ মাসে সমাধা করা হয় । প্রাপ্ত বিভিন্ন রকমের কেইস ও অভিযোগসমুহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় । অধিদপ্তরের তুলনায় সিএএন্ডএফও দপ্তরে পেনশন ফাইল নিষ্পত্তিতে বিলম্ব হলে নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত হয় ।	পরিচালক (ফ্রিকোয়েন্সী ব্যবস্থাপনা) ও পরিচালক (অর্থ)
০৬	এপিএ ও শুদ্ধাচার ।	টেলিযোগাযোগ অধিদপ্তরের এপিএ ও শুদ্ধাচার বিষয়ক কর্মকান্ডের বাস্তবায়ন কাজের অগ্রগতি মূল্যায়ন করে চলতি বছরের এপিএ বাস্তবায়নের হার নিম্নমুখী পাওয়া যায় । এপিএ বাস্তবায়নের হার উন্নীত করনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয় । ডেসপ্যাচ শাখাকে ডিজিটাল ডাক ব্যবস্থায় উন্নীত করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয় । অর্থ অনুবিভাগ থেকে পেনশন ও অন্যান্য সেবা প্রত্যাশীদের কাংখিত মানে সেবা প্রদান করার বিষয়ে সজাগ থাকার সিদ্ধান্ত হয় । আউটসোর্সিং-এর মাধ্যমে লোকবল নিয়োগের ক্ষেত্রে প্রশাসন ও অর্থ বিভাগের মধ্যে সমন্বিতভাবে সিদ্ধান্ত গ্রহণ করার উদ্যোগ উদ্যোগ নিতে হবে ।	পরিচালক (প্রশাসন) , উপ-পরিচালক(ইউওএসএফ) ও পরিচালক(অর্থ)
০৭	পিআরএলগামী কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা চুড়ান্তকরন	টেলিযোগাযোগ অধিদপ্তরের ও প্রেষনে/লিয়েনে অন্যান্য সংস্থায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের উন্নততর পিআরএলে গমনের জন্য পিআরএল শুরুর ৪ মাস পূর্বে অধিদপ্তরে যোগদানের জন্য ৫৩৩ জন কর্মকর্তা-কর্মচারীদের প্রস্তুতকৃত তালিকা যাচাইয়ের জন্য বিটিসিএলে প্রেরণের ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত হয় । মন্ত্রণালয় থেকে প্রেষণাদেশ বাতিলের পরে বিটিসিএল কর্তৃক বিমুক্তকরনে বিলম্ব হলে বিটিসিএলকে তাগিদ প্রদানের সিদ্ধান্ত হয় ।	কল্যাণ কর্মকর্তা ও পরিচালক (প্রশাসন)
০৮	সিটিডিআর প্রকল্পের হস্তাত্মরিত গাড়ির ব্যয় নির্বাহের সিদ্ধান্ত চূড়ান্তকরন ।	সিটিডিআর প্রকল্পের হস্তান্তরিত গাড়ির জ্বালানী/ রক্ষণাবেক্ষন/ ওটি বিলের মঞ্জুরীপত্র বর্তমানের সিটিডিআর সেন্টারের পরিবর্তে প্রশাসন বিভাগ থেকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।	পরিচালক (প্রশাসন)
০৯	বিবিধ	ক) পরিচালক পদে ৪ জন কর্মকর্তা পদোন্নতি পাওয়ায় পদোন্নতি প্রাপ্তদের অভিনন্দন জানানো হয় । ননক্যাডার কর্মকর্তাদের পদোন্নতির জন্য নিয়োগ বিধি মালা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয় । খ) কর্মচারীদের উচ্চতর গ্রেড ১০বছর/১৬ বছর বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত হয় । গ) কর্মকর্তা/কর্মচারীগণকে সংযুক্তিকৃত পদের দায়িত্ব প্রদানের অফিস আদেশ জারীর বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয় । ঘ) ডি-ডট প্রকল্পের বিষয়ে বুয়েটের সাথে যোগাযোগ করতে হবে । ঙ) প্রাধিকার মোতাবেক দৈনিক পত্রিকা নেওয়ার ব্যপারে সিদ্ধান্ত গৃহীত হয়	পরিচালক (প্রশাসন) ও পরিচালক (আইসিটি)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ মহসিনুল আলম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.৮২

তারিখ: ১১ চৈত্র ১৪২৭
২৫ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ/ কারিগরি/ রেগুলেটরি), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৩) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৪) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী/ চিফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৫) সিনিয়র সহকারী পরিচালক/ উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৬) সহকারী পরিচালক (সকল)/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৭) অফিস কপি।



মোঃ মফিজ উদ্দিন
পরিচালক